দৈনিক ইনকিলাব

তারিখ ... MAR. 22 1999 ... ...
পৃষ্ঠা ... কলাম ...

# দেশের প্রথম সাঁওতাল প্রাথমিক বিদ্যালয়ের যাত্রা শুরু

ইউএনবি ঃ শনিবার দেশে প্রথম সাঁওতাল প্রাথমিক বিদ্যালয়ের যাত্রা শুরু হয়েছে। সাঁওতাল উপজাতীয় সম্প্রদায়ের ভাষাকে বিলুপ্তির হাত থেকে রক্ষার লক্ষ্যে এই বিদ্যালয় স্থাপন করা হয়েছে।

রাজশাহী জেলার গোদাগাড়ী থানার বর্শাপাড়া গ্রামে প্রতিষ্ঠিত এই স্কুলটিতে প্রথম পর্যায়ে ৩৫ জন ছাত্র-ছাত্রী ভর্তি হয়েছে। এর মধ্যে ছাত্রী সংখ্যা ১৭।

আদিবাসী জাতীয় পরিষদ এই স্কুলটি প্রতিষ্ঠা করেছে। স্কুলের সকল ছাত্র-ছাত্রীকে পাঠ্য বই, খাতা-পত্র ও শ্লেট-পেন্সিল সরবরাহ করা হয়েছে।

রাজশাহী বিশ্ববিদ্যালয়ের অধ্যাপক হাসান আজিজুল হক আনুষ্ঠানিকভাবে এই স্কুল উদ্বোধন করেন।